গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা

১-২, অরফানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
ওয়েবসাইট: www.dhkgovmalia.edu.bd; ইমেইল: malia1780dhaka@gmail.com; EIIN: 108151 কলেজ কোড: 11042; ফোন: 02-58610577

তারিখ: ১৭/০৬/২০২৬

## বিজ্ঞপ্তি

[ফাজিল (পাশ) পরীক্ষা-২০২৫ এর ফরমপূরণ সংক্রান্ত]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা'য় অধ্যয়নরত ফাজিল (পাশ) পরীক্ষা ২০২৫-এ অংশগ্রহণেচ্ছুক নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, মানোন্নয়ন, রিটেইক পরীক্ষার্থীদের ফরমপূরণ ফি জমাদান কার্যক্রম অনলাইনের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থীদের ফরমপূরণ ফি'র টাকা মোবাইল ব্যাংকিং - **বিকাশ** এর মাধ্যমে জমা দিতে হবে।

**✓ পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:**

**১) নিয়মিত পরীক্ষার্থী:**

ক) ১ম বর্ষ: ২০২৪-২৫ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থী

খ) ২য় বর্ষ: ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সেসব শিক্ষার্থী যারা ফাজিল (পাশ) পরীক্ষা ২০২৪ এ ১ম বর্ষে উত্তীর্ণ

গ) ৩য় বর্ষ: ২০২২-২৩ শিক্ষাবর্ষের সেসব শিক্ষার্থী যারা ফাজিল (পাশ) পরীক্ষা ২০২৪ এ ২য় বর্ষে উত্তীর্ণ

**২) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:**

ফাজিল (পাশ) পরীক্ষা ২০২৪ এ যারা অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ৩০০/- পুন.ভর্তি ফিসহ ফরমপূরণের অন্যান্য ফি জমা দিতে হবে।

**৩) মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:**

১ম, ২য় ও ৩য় বর্ষের যেসকল পরীক্ষার্থী ফাজিল (পাশ) পরীক্ষায় যারা অংশগ্রহণ করে কাঙ্খিত গ্রেড অর্জন করেনি তারা এক/একাধিক কোর্সের জন্য প্রতিপত্র ৫০০/- হারে মানোন্নয়ন ফিসহ নির্ধারিত অন্যান্য ফি জমাদান সাপেক্ষে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ শুধুমাত্র একবার প্রযোজ্য।

**৪) রিটেইক পরীক্ষার্থীদের জন্য:**

১ম, ২য় ও ৩য় বর্ষের যেসকল পরীক্ষার্থী ফাজিল (পাশ) পরীক্ষা ২০২৪ এ যারা অংশগ্রহণ করে এক/একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত ছিল, তারা শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত প্রতিপত্র ৫০০/- হারে রিটেইক ফিসহ নির্ধারিত অন্যান্য ফি জমাদান সাপেক্ষে রিটেইক পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ শুধুমাত্র একবার প্রযোজ্য।

**৫) ফরমপূরণ ফি প্রদানের পদ্ধতি:**

১. ফরমপূরণের আবেদন সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের eShiksa EMS এর মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করতে হবে। এ জন্য প্রথমে https://dhkgovmalia.eshiksaems.com/ ওয়েবসাইটে প্রবেশ করে শিক্ষার্থীদের জন্য নির্ধারিত User ID: maliastudent এবং Password: maliastudent ব্যবহার করে লগইন করতে হবে। এরপর Tuition Fee মেনুতে গিয়ে রেজিস্ট্রেশন নম্বর ও মোবাইল নম্বর প্রদান করে প্রয়োজনীয় ফি নির্বাচন করতে হবে। Add to Payment List এ ক্লিক করলে ফরমপূরণের জন্য নির্ধারিত ফি প্রদর্শিত হবে। এরপর শিক্ষার্থীরা বিকাশ এর মাধ্যমে নির্ধারিত অর্থ পরিশোধ করতে পারবেন এবং Receipt Print অপশনে গিয়ে Pay Slip প্রিন্ট করতে পারবেন।

২. অন্যদিকে, Improvement Form Fillup-এর ক্ষেত্রে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট অপশনে গিয়ে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করে View Charge and Course Detail-এ ক্লিক করতে হবে। এরপর মোবাইল নম্বর প্রদান করে প্রয়োজনীয় বিষয় নির্বাচন করতে হবে এবং Add Subject এ ক্লিক করলে ফরমপূরণের জন্য নির্ধারিত ফি প্রদর্শিত হবে। পরবর্তীতে বিকাশ এর মাধ্যমে ফি পরিশোধ করে Receipt Print অপশন থেকে Pay Slip প্রিন্ট করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা
১-২, অরফানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
ওয়েবসাইট: www.dhkgovmalia.edu.bd; ইমেইল: malia1780dhaka@gmail.com; EiiN: 108151 কলেজ কোড: 11042; ফোন: 02-58610577

তারিখ: ১৭/০৬/২০২৬

৩. নির্ধারিত ফি জমাদানের রশিদের অপর পৃষ্ঠায় পরীক্ষার্থীগণ নিজ রেজিস্ট্রেশন নম্বর, বিষয়/কোর্স কোড ও বিভাগ অবশ্যই উল্লেখ করবেন। অন্যথায় ফরমপূরণ বাতিল হলে মাদ্রাসা কর্তৃপক্ষের কেউ দায়ী থাকবেন না।

৪. অনিয়মিত, মানোন্নয়ন ও রিটেইক পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি ফরমের সাথে সংযুক্ত করে বিভাগে জমা দিতে হবে।

**৬) ফি প্রদান ও রশিদ জমাদানের সময়সূচি:**

নিম্নলিখিত সময়সূচি অনুযায়ি ফরমপূরণ ফি পরিশোধ করতে হবে। যথা:

১. বিলম্ব ফি ব্যতীত : ২৫/০৬/২০২৬ থেকে ০১/০৭/২০২৬ তারিখ (বিকাল: ৩.০০ টা পর্যন্ত)

২. বিলম্ব ফি ৫০০/-সহ : ০৬/০৭/২০২৬ থেকে ০৯/০৭/২০২৬ তারিখ (বিকাল: ৩.০০ টা পর্যন্ত)

৩. অতিবিলম্ব ফি : ৩,৫০০/- সহ নির্ধারিত অন্যান্য ফি (১৩/০৭/২০২৬ তারিখ থেকে প্রযোজ্য)

৪. ফি জমার মাধ্যম : **বিকাশ**

৫. রশিদ জমার স্থান : ফরমপূরণ কমিটি (সরকারি ছুটির দিন ব্যতীত)

৬. সকল বিভাগের **পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত ফি:**

| বর্ষ | ধরণ | সিলেবাস | পরীক্ষা ফি | নম্বরপত্র (প্রতিছাত্র) | সনদপত্র (প্রতিছাত্র) | পুন.ভর্তি ফি | কেন্দ্র (প্রতিছাত্র) | ব্যবস্থাপনা (প্রতিছাত্র) | সর্বমোট ফি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ম | নিয়মিত ও প্রাইভেট | নতুন সিলে.৭ পত্র | ১,৭৫০ | ০ | ০ | ০ | ৬০০ | ৫০ | ২,৪০০ |
| | অনিয়মিত ও প্রাইভেট | নতুন সিলে.৭ পত্র | ১,৭৫০ | ০ | ০ | ৩০০ | ৬০০ | ৫০ | ২,৭০০ |
| | | পুরাতন সিলে.৪ পত্র | ১,০০০ | ০ | ০ | ৩০০ | ৬০০ | ৫০ | ১,৯৫০ |
| ২য় | নিয়মিত ও প্রাইভেট | নতুন সিলে.৭ পত্র | ১,৭৫০ | ০ | ০ | ০ | ৬০০ | ৫০ | ২,৪০০ |
| | অনিয়মিত ও প্রাইভেট | নতুন সিলে.৭ পত্র | ১,৭৫০ | ০ | ০ | ৩০০ | ৬০০ | ৫০ | ২,৭০০ |
| | | পুরাতন সিলে.৪ পত্র | ১,০০০ | ০ | ০ | ৩০০ | ৬০০ | ৫০ | ১,৯৫০ |
| ৩য় | নিয়মিত ও প্রাইভেট | ৬ পত্র বিশিষ্ট | ১,৫০০ | ৩০০ | ৫০০ | ০ | ৬০০ | ৫০ | ২,৯৫০ |
| | অনিয়মিত ও প্রাইভেট | ৬ পত্র বিশিষ্ট | ১,৫০০ | ৩০০ | ৫০০ | ৩০০ | ৬০০ | ৫০ | ৩,২৫০ |
| ১ম ২য় ৩য় | রিটেইক / মানোন্নয়ন | ১ পত্র | ৫০০ | ০ | ০ | ০ | ৬০০ | ৫০ | ১,১৫০ |
| | | ২ পত্র | ১,০০০ | ০ | ০ | ০ | ৬০০ | ৫০ | ১,৬৫০ |
| | | ৩ পত্র | ১,৫০০ | ০ | ০ | ০ | ৬০০ | ৫০ | ২,১৫০ |

**✓ কমিটির জন্য করণীয় নির্দেশাবলী:**

১. পরীক্ষার্থীদের ফরমপূরণের রশিদ জমা নেওয়ার সময় টাকার পরিমাণ নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

২. রশিদের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি গ্রহণ করতে হবে।

৩. অনিয়মিত ও রিটেইক/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী পরীক্ষার প্রবেশপত্র ও নম্বরপত্রের ফটোকপি জমা নিতে হবে।

উপর্যুক্ত নির্দেশাবলী এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক ফরমপূরণ কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।

১৭/৬/২৬

অধ্যাপক মোহাম্মদ ওবায়দুল হক
**অধ্যক্ষ**
**সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা**

অধ্যাপক মোহাম্মদ ওবায়দুল হক (১০৬৯৫)
অধ্যক্ষ
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা

★ বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: http://iau.edu.bd/